

## ১১.১৭ ব্রেক্সিট **BREXIT**

(ব্রেক্সিট (BREXIT) হল ইংরেজি শব্দ ‘British’ এবং ‘Exit’-এই দুয়ের যোগফল। বাংলায় ব্রেক্সিট শব্দের অর্থ দাঁড়ায় EU থেকে ব্রিটেনের বেরিয়ে যাওয়া। ব্রেক্সিট কার্যকর হওয়ার কথা ছিল ২৯ মার্চ, ২০১৯ থেকে। European Union ত্যাগ করার সিদ্ধান্ত গৃহীত হয় ২০১৬ সালের ২৩ জুন ব্রিটেনে অনুষ্ঠিত একটি গণ ভোটের (referendum) সিদ্ধান্ত অনুযায়ী। গণভোটে খুব কম ভোটের সংখ্যাগরিষ্ঠতায় (52%) এত বড়ে একটি সিদ্ধান্ত গৃহীত হয়।)

(ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেজা মে (Theresa May) গণভোটের সিদ্ধান্ত জানার অব্যবহিত পরেই ঘোষণা করেন যে, EU থেকে বেরিয়ে আসার পর ব্রিটেন ইউরোপীয় সিঙ্গল মার্কেট অথবা EU কাস্টমস ইউনিয়ন-এর সদস্যপদ চাইবে না। এ ছাড়া আরও জানান যে, ১৯৭২ সালে প্রণীত European Communities Act বাতিল করা হবে এবং ইউরোপীয় ইউনিয়ন আইন (European Union Law)-কে জাতীয় আইনের অন্তর্ভুক্ত করা হবে।)

(EU থেকে সদস্যপদ প্রত্যাহারের লক্ষ্যে সরকারিভাবে কাজ শুরু হয়ে যায় ২০১৭ সালের জুন মাস থেকে। ২০১৮ সালের জুন মাসে ব্রিটেন এবং EU একটি যুগ্ম প্রতিবেদন প্রকাশ করে, যাতে শুল্ক (Customs), ভ্যাট (Vat) এবং ইউরোটেম (Euratom) ইত্যাদি বিষয়গুলি সংক্রান্ত নিয়ম-কানুন কী হবে তা জানানো হয়।)